**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

22 **JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================================

(১) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার জাপানের অর্থনীতি, বাণিজ্য এবং শিল্পমন্ত্রী কোগা ইয়চিরো'র সঙ্গে সেদেশের শিল্প ও ব্যবসায়িক ক্ষেত্রে প্রথমসারিতে থাকা শিল্পপতিদের সঙ্গে সাক্ষাৎ/

(২) আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামী ১৭ই ফেব্রুয়ারি আরম্ভ/

(৩) রাজ্যের ৩৫৪টি চাবাগানের হাসপাতালগুলিকে আয়ুষ্মান আরোগ্য মন্দিরে উন্নীত করার জন্যে আসাম সরকার ও চাবাগান কর্তৃপক্ষের মধ্যে সমঝোতা চুক্তি সাক্ষর/

(৪) রাজ্যের অর্থমন্ত্রী অজন্তা নেওগের বরাক উপত্যকা সফরকালে আজ শিলচরে সমাজকল্যাণ বিভাগের একটি কার্যালয় ভবন এবং ট্রেজারির একটি ভবনের উদ্বোধন/

এবং

(৪) নেতাজী সুভাষচন্দ্র বসুর ১২৯তম জন্মজয়ন্তী উপলক্ষে আগামীকাল বরাক উপত্যকায়ও বিভিন্ন কার্যসূচীর আয়োজন/

---

এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের বিস্তৃত প্রসার এবং এই পদক্ষেপে বহিঃরাষ্ট্র থেকে সহযোগিতা লাভের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ জাপানের অর্থনীতি, বাণিজ্য এবং শিল্পমন্ত্রী কোগা উইচিরো'র সঙ্গে সাক্ষাৎ করেছেন । তাঁর এই সাক্ষাৎকালে মুখ্যমন্ত্রী জাপানী প্রতিষ্ঠানের দ্বারা ব্যবসায়িক উদ্যান স্থাপনের জন্য আসামের প্রস্তুতি সম্পর্কে আলোচনা করা হয় । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা জাপান সরকারের কারিগরি শিক্ষানবীশ প্রশিক্ষণ এবং নির্দিষ্ট দক্ষতা বিষয়ক কার্যসূচীর জন্যে পরীক্ষা কেন্দ্র স্থাপনের বিষয়ে বিবেচনা করার অনুরোধ জানিয়েছেন । তিনি একটি রোড শো'তে অংশ নিয়ে সেদেশের প্রথমসারির শিল্প প্রতিষ্ঠান এবং ব্যবসার জগতের শীর্ষস্থানীয় ব্যক্তিবর্গের সঙ্গে মত বিনিময় করেন। এই মত বিনিময় অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আসামের অর্থনৈতিক বিকাশ এবং ব্যবসার ক্ষেত্রে আকর্ষণীয় লাভের বিষয়ে আলোকপাত করেন । ভারত-জাপান সম্পর্কে আসামের বিশেষ ভূমিকাকে গুরুত্ব প্রদান করে মুখ্যমন্ত্রী বলেন যে- ২০১৪ সালের তুলনায় আসাম আগামী বছরের মধ্যে নিজের অর্থনীতি তিনগুণ বৃদ্ধি করার লক্ষ্যে এগিয়ে চলেছে । একক উইন্ডো ব্যবস্থা এবং তিন বিলিয়ন আমেরিকান ডলারের উৎপাদন সংযোজনের মাধ্যমে আসামকে বিনিয়োগের সুযোগের পথে এগিয়ে নিয়ে যাচ্ছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন ।

---

আসাম বিধানসভার মাসব্যাপী বাজেট অধিবেশন আগামী ১৭ ই ফেব্রুয়ারী থেকে শুরু হবে ।এবারের বাজেট অধিবেশনে মোট ১৪ টি বৈঠক বসবে । রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্যের ভাষণের মাধ্যমে

অধিবেশনের প্রথম দিনের কার্যসূচী কোকরাঝারে অনুষ্ঠিত হবে ।১৮ ই ফেব্রুয়ারী সভার কাজ বন্ধ থাকবে । ১৯ শে ফেব্রুয়ারী থেকে বাজেট অধিবেশনের পরবর্তী কার্যসূচী দিসপুরের আসাম বিধানসভা ভবনে অনুষ্ঠিত হবে । ১৯ শে ফেব্রুয়ারী রাজ্যপালের ভাষণের ওপর ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপন করা হবে । ১০ ই মার্চ অর্থমন্ত্রী অজন্তা নেওগ রাজ্যের ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট পেশ করবেন । ১১ ও ১২ মার্চ সভায় বাজেট বিতর্ক অনুষ্ঠিত হবে । ১৩ মার্চ থেকে ২০ শে মার্চ পর্যন্ত বাজেট অধিবেশনের বিরতি থাকবে । ২৪ শে মার্চ অর্থ মন্ত্রী ২০২৫-২৬ অর্থবছরের জন্য দাবী মঞ্জুরী প্রস্তাব ও আসাম বিনিয়োজন বিল ২০২৫ উত্থাপন করবেন । ২৫ শে মার্চ বাজেট অধিবেশন সমাপ্ত হবে । উল্লেখ্য কোকরাঝারে অনুষ্ঠেয় অধিবেশনের প্রথম দিন বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারীর উদ্যোগে আসামের ষষ্ঠ অনুসূচীর অর্ন্তগত অঞ্চলগুলির আর্থ সামাজিক ও সামগ্রিক উন্নয়ন বিষয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হবে ।

---

রাজ্যের মোট ৩৫৪ টি চা বাগানের চিকিৎসালয়কে আয়ুষ্মান আরোগ্য মন্দিরে রুপান্তরিত করার জন্য আজ সমঝোতা চুক্তি অনুষ্ঠান সম্পন্ন হয় । গৌহাটীতে রাজ্য ভিত্তিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অশোক সিংহল ও চা তথা শ্রমিক কল্যাণ বিভাগের মন্ত্রী রুপেশ গোয়ালার উপস্থিতিতে এই অনুষ্ঠানের সূচণা করা হয় । এই চুক্তি অনুযায়ী রাজ্য সরকার প্রতিটি চা বাগানে পৃথক চিকিৎসালয় নির্মাণের কাজ গ্রহণ করবে ও প্রতিটি চিকিৎসালয়ের জন্য একজন করে কম্যুনিটি চিকিৎসা আধধিকারিক নিয়োগ করা হবে । এছাড়া চা বাগান

কতৃপক্ষ নতুন চিকিৎসা ভবন  বা এর আধিকারিক কর্মচারীদের জন্য আবাস গৃহ নির্মাণের জন্য পর্যাপ্ত পরিমাণের জমি প্রদান করবে।চিকিৎসালয়গুলিতে জাতীয় স্বাস্থ্য অভিযানের অধীনে বিনামূল্যে ঔষধ সরবরাহ করা সহ স্বাস্থ্য পরীক্ষা ইত্যাদির ব্যবস্থা করবে ।

---

চা বাগানের শ্রমিক এবং তাদের পরিবারের  স্বাস্থ্যসেবা উন্নয়নের উদ্দশ্যে সরকারের গৃহীত পদক্ষেপের অংশ হিসেবে আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে একটি সমঝোতা চুক্তি সাক্ষরিত হয়েছে । এই চুক্তিতে  সাক্ষর করেন জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী ও ইছাবিল , বিদ্যানগর ও লংগাই চা বাগানের ম্যানেজাররা । অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালাহ , অতিরিক্ত আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবাগ , যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডাঃ সুমনা নাইডিং প্রমুখ ।এই চুক্তির মাধ্যমে  চা বাগানের হাসপাতালগুলিকে আয়ুস্মান ভারত প্রকল্পের অধীনে নিয়ে এসে আয়ুষ্মান আরোগ্য মন্দিরে রুপান্তরিত করা হবে  । এই আরোগ্য মন্দিরগুলি চা বাগান সম্প্রদায়ের জন্য উন্নত স্বাস্থ্যসেবা প্রদানের প্রয়াস করবে । এই হাসপাতালগুলি থেকে বিনামূল্যে ঔষধ , স্বাস্থ্যপরীক্ষা ও সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ প্রদান করা হবে ।

---

কাছাড় জেলার কল্যাণমূলক পরিকাঠামো শক্তিশালী করার লক্ষে অর্থমন্ত্রী শ্রীমতী নেওগ আজ শিলচরে এসে মেহেরপুরে একটি সমাজ কল্যাণ কার্যালয় ভবনের এবং সদরঘাটে একটি নতুন ট্রেজারী কার্যালয় ভবনের উদ্বোধন করেন । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সাংসদ পরিমল শুক্লবৈদ্য , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , জেলা আয়ুক্ত মৃদুল যাদব উপস্থিত ছিলেন ।অনুষ্ঠানে ভাষন প্রসংগে শ্রী মতী নেওগ শিশু মহিলা এবং দু:স্থ লোকেদের কল্যাণে গ্রহণ করা সরকারের বিভিন্ন প্রকল্পের বিষয়ে উল্লেখ করে এই প্রকল্পগুলি রুপায়নে সরকারের প্রতিশ্রুতির কথা উল্লেখ করেন । কাছাড় জেলার মহিলা ও শিশু উন্নয়ন বিভাগে বর্তমানে ১৬ টি প্রকল্প ব্লকের অধীনে ৫৩৪ টি কেন্দ্রকে সংযুক্তিকরণের ফলে বর্তমানে ৩ হাজার ৪০৭ টি অংগনোয়াড়ী কেন্দ্র রয়েছে বলে মন্ত্রী উল্লেখ করেন ।এই কেন্দ্রগুলি পোষণ অভিযান , বেটী বাচাও , বেটী পড়াও নারী সবলীকরণ , নেশা মুক্ত ভারত অভিযান ইত্যাদি প্রকল্পগুলি রুপায়নে প্রধান ভূমিকা পালন করবে বলে শ্রীমতী নেওগ উল্লেখ করেন ।

---

শ্রীমতী নেওগ আজ শিলচরে এসে শ্রীকোণায় নির্মীয়মান মিনি সচিবালয়টি পরিদর্শন করে সচিবালয়ের নির্মাণ কাজের অগ্রগতির খোজ নেন । এরপর বদরপুর খন্ডের অর্ন্তগত শ্রীগৌরী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় গৃহের অসম্পূর্ন অবস্থায় থাকা কাজসমূহ পরিদর্শন করে শীঘ্র এই কাজ সম্পূর্ন করতে বিভাগীয় আধিকারিকদের নির্দেশ দেন । মন্ত্রীর সংগে বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ ছিলেন ।

শ্রীমতী নেওগ আজ শ্রীভূমি জেলা সফর করে সেখানকার উন্নয়নমূলক প্রকল্পগুলির অগ্রগতির খোঁজখবর নেন । আজ সকাল সাড়ে দশটায় শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর উপস্থিতিতে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠকে মন্ত্রী শ্রীমতি নেওগ জেলা সমাজ কল্যাণ বিভাগ ও অন্যান্য বিভাগের আধিকারিকদের সঙ্গে আলোচনায় মিলিত হন । এতে তিনি মাতৃত্বকালীন মৃত্যু, শিশুমৃত্যু ও দারিদ্র নির্মূলকরণের উপর গুরুত্ব আরোপ করেন । তিনি অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে শিশুদের আসা নিশ্চিত করতে অনুপ্রেরণামূলক কার্যসূচীর আয়োজন করতে সমাজ কল্যাণ বিভাগের সি ডি পি ও এবং সুপারভাইজরদের ঘরে ঘরে গিয়ে অভিযান চালানোর নির্দেশ দিয়েছেন । তিনি অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি সঠিক সময়ে সকাল সাড়ে আটটায় খোলার বিষয়টি সুনিশ্চিত করতে বলেন । পাশাপাশি জেলায় প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা এবং বেটি বাচাও বেটি পড়াও কার্যসুচীর রূপায়ণ নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন । তিনি বাল্য বিবাহ, শিশু পাচার এবং মহিলা ও শিশুদের বিভিন্ন সমস্যার বিষয়ে আরো বেশি সচেতনতা অভিযান চালানোর পরামর্শ দেন । অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির কর্মীদের শীঘ্রই মোবাইল ফোন দেওয়া হবে বলেও মন্ত্রী জানিয়েছেন । তিনি সমাজ কল্যাণ বিভাগকে সমাজ সংস্কারক বিভাগ হিসেবে কাজ করে যাবার আহ্বান জানান ।  এই বৈঠকে শ্রীভূমি জেলায় ৩৫০টি মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্র স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে বলে জানিয়ে যেসব কেন্দ্রের কাজ এগিয়ে রয়েছে, সেগুলি আগামী মার্চ মাসের মধ্যে সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছেন । তিনি কর বিভাগের আধিকারিকদের এস জি এস টি এবং অন্যান্য কর সংগ্রহের ক্ষেত্রে গতি আনার নির্দেশ দেন । বৈঠকে দুই বিধায়ক বিজয় মালাকার এবং কমলাক্ষ দে পুরকায়স্থ বিভিন্ন পরামর্শ তুলে দেন ।

নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯ তম জন্মজয়ন্তী উপলক্ষে আগামীকাল বরাক উপত্যকার তিন জেলায় বিভিন্ন কার্যসুচি গ্রহণ করা হয়েছে । শিলচরের নেতাজী মূর্তি নবনির্মাণ ও স্থাপনা কমিটির উদ্যোগে আগামীকাল বেলা বারোটা ১৫ মিনিটে শহরের গান্ধীবাগে নেতাজী সুভাষের প্রতিমূর্তিতে মাল্যদান করে ১২৯ বার তোপধ্বনি করা হবে । কাছাড় জেলার নেতাজী সুভাষ ফাউন্ডেশনের উদ্যোগে এই উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এছাড়া কেন্দ্রীয় নেতাজী জন্মজয়ন্তী উদযাপন কমিটির উদ্যোগে আগামীকালের অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে- সকালে প্রভাতফেরী, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি । সকালে ছাত্রছাত্রীদের নিয়ে আয়োজিত এই শোভাযাত্রা নরসিংটোলা ময়দানে জমায়েত হয়ে আরম্ভ হবে । এরপর ভাওয়াল পয়েন্ট, প্রেমতলা, শিলংপট্টি হয়ে গান্ধিবাগে প্রবেশ করে ছাত্রছাত্রীরা নেতাজীকে শ্রদ্ধা জানিয়ে সার্কিট হাউস রোড হয়ে ইন্ডিয়া ক্লাবের মাঠে এসে শেষ হবে । সেখানে নেতাজী সুভাচন্দ্র বসুর বিষয়ে বক্তৃতা সহ অন্যান্য কার্যসূচি অনুষ্ঠিত হবে ।

---

অর্থ মন্ত্রী শ্রী মতী অজন্তা নেওগ আজ শিলচরে এসে শ্রীকোণায় নির্মীয়মান মিনি সচিবালয়টি পরিদর্শন করে সচিবালয়ের নির্মাণ কাজের অগ্রগতির খোজ নেন । এরপর বদরপুর খন্ডের অর্ন্তগত শ্রীগৌরী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় গৃহের অসম্পূর্ন অবস্থায় থাকা কাজসমূহ

পরিদর্শন করে শীঘ্র এই কাজ সম্পূর্ন করতে বিভাগীয় আধিকারিকদের নির্দেশ দেন । মন্ত্রীর সংগে বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ ছিলেন ।

---

বাংলা সাহিত্য সভা-আসামের তিনদিনব্যাপী প্রতিনিধি সম্মেলনের আজ দ্বিতীয় দিনে শিলচরের গান্ধীভবনে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । এরমধ্যে ছিল- সকালে সাংস্কৃতিক শোভাযাত্রা, এরপর নতুন কমিটি গঠন, এবং দুপুরে আলোচনা সভা । 'বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি ও আমাদের করণীয়' শীর্ষক এই আলোচনা সভায় বক্তাগণ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । পরে শিলচর রেলস্টেশনের ভাষা শহীদ স্টেশন নামকরণের বিষয় সহ বাংলা ভাষা ও শিক্ষা বিষয়ক কয়েকটি প্রস্তাব গৃহীত হয় । আজকের অনুষ্ঠানে বেশকয়েকজন সাংবাদিককে সংবর্ধনা দেওয়া হয়েছে । এছাড়া আজ সন্ধ্যায় 'বরাক-ব্রহ্মপুত্র: ঐতিহাসিক প্রেক্ষাপটে সম্পর্কের নানাদিক ও নৈকট্যের সন্ধান' শীর্ষক এক আলোচনা সভারও আয়োজন করা হয়েছে ।

---

ভারত সেবাশ্রম সঙ্ঘ অনুমোদিত কাছাড় হিন্দু মিলন মন্দিরের সুবর্ণ জয়ন্তী সমারোহ আগামীকাল শিলচর শিববাড়ী রোডের মন্দিরে অনুষ্ঠিত হবে । এই উপলক্ষে আয়োজিত বিভিন্ন কার্যসূচীর মধ্যে রয়েছে- সকাল ন'টায় পতাকা উত্তোলন, শ্রদ্ধাঞ্জলী অর্পণ ও আলোচনা, সকাল দশটায় বস্ত্র ও আর্থিক অনুদান বিতরণ, বেলা ১১টায় বৈদিক শান্তিযজ্ঞ, পূজা, আরতি, প্রসাদ বিতরণ, বিকেলে প্রদীপ প্রজ্জ্বলন, ধর্মসভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান । পরদিন অর্থাৎ আগামী শুক্রবার থেকে আগামী সাতই ফেব্রুয়ারি পর্যন্ত শিলচর শহর এবং কাছাড় জেলার বিভিন্ন স্থানে পরিক্রমা অনুষ্ঠানের

আয়োজন করা হয়েছে । এরপর আগামী আটই ফেব্রুয়ারি থেকে বারোই ফেব্রুয়ারি পর্যন্ত বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।